

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন প্রত্যেক গ্রামীণ পরিবারের অদক্ষ কায়িক শ্রম দিতে ইচ্ছুক, এমন প্রাপ্ত বয়স্ক সদস্য/সদস্যাদের বছরে ১০০ দিন কাজের ও মজুরীর নিশ্চয়তা দিচ্ছে ।

আপনাকে কি করতে হবে :-

- আপনি যে গ্রাম পঞ্চায়েতে বা এডিসি ভিলেজে বসবাস করেন, সেই স্থানের পঞ্চায়েত অফিসে নাম নিবন্ধীকরণ করতে হবে। সে জন্য ফর্ম-১ পূরণ করে আবেদন করতে হবে। ফর্ম-১ পঞ্চায়েত অফিস থেকে সংগ্রহ করা যাবে অথবা সাদা কাগজে অনুরূপ বিবরণ সহযোগে আবেদন করা যাবে।
- পরিবারের প্রাপ্ত বয়স্ক সদস্য/সদস্যা যারা অদক্ষ কায়িক শ্রম দিতে ইচ্ছুক, তারা একটি আবেদন পত্রেই আবেদন করতে পারেন।
- আবেদন পত্র জমা দিয়ে নীচের অংশের জমা রসিদ সংগ্রহ করবেন।
- আবেদন পত্র সংগ্রহ ও জমা দেবার জন্য প্রারম্ভিক পর্যায়ে ১৭ই এপ্রিল ২০০৭ইং তারিখ পর্যন্ত ধার্য করা হয়েছে।

এই সুযোগ গ্রহন করে কাজের অধিকারকে সুনিশ্চিত করুন। বিস্তৃত বিবরণের জন্য আপনার গ্রামের পঞ্চায়েত অফিসে যোগাযোগ করুন ।

পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন